

আগস্ট 2020

প্রিয় বাসিন্দা

করোনাভাইরাস এখনও আমাদের সাথে আছে এবং আমাদের সকলকে নিজেদের সুরক্ষা, অন্যদের সুরক্ষা এবং Norfolk কে সুরক্ষিত করার জন্য আমাদের ভূমিকা পালন করতে হবে

সবার প্রথমে, আমরা আমাদের সম্প্রদায়কে রক্ষা করার ক্ষেত্রে আপনার ভূমিকা পালনের জন্য "আপনাকে ধন্যবাদ" বলার এই সুযোগটি গ্রহণ করতে চাই। গত চার মাস ধরে, Norfolk -এর বাসিন্দারা করোনাভাইরাস ছড়িয়ে পড়া প্রতিরোধ করার ক্ষেত্রে সহায়তার জন্য বিশাল ত্যাগ স্বীকার করেছেন। বাড়িতে থাকা এবং সামাজিক দিক থেকে দূরে থাকা সহজ ছিল না এবং আমরা আপনার প্রচেষ্টার জন্য কৃতজ্ঞ।

দুঃখের বিষয়, অনেক Norfolk বাসিন্দা ইতিমধ্যে এই ভাইরাসটির কারণে প্রাণ হারিয়েছেন এবং আপনি যদি আপনার পরিবারের সদস্য বা বন্ধুকে হারিয়ে থাকেন তবে আমাদের সমবেদনা আপনার কাছে পৌঁছে যাবে।

‘লকডাউন’ সহজ হয়ে যাওয়ার সাথে সাথে আমাদের অবশ্যই মনে রাখতে হবে যে করোনাভাইরাস এখনও আমাদের সাথে রয়েছে

এটি গুরুত্বপূর্ণ যে আমরা নিজেদের এবং অন্যদের সংক্রমণ থেকে নিরাপদ রাখা অব্যাহত রাখি এবং আরও প্রকোপ প্রতিরোধে একসাথে কাজ করি।

NHS এবং জনস্বাস্থ্য ইংল্যান্ডের (Public Health England) সাথে আমরা একসাথে সংযুক্ত লিফলেটটি প্রস্তুত করেছি। কীভাবে নিজেকে এবং অন্যকে রক্ষা করা যায় এবং Norfolk -এ করোনভাইরাসকে কীভাবে ছড়িয়ে যাওয়া থেকে প্রতিরোধ করা যায় সেই সম্পর্কে এটিতে পূর্ণ তথ্য রয়েছে। অনুগ্রহ করে এই লিফলেটটি মনোযোগ সহকারে পড়ুন এবং ভবিষ্যতের রেফারেন্সের জন্য এটি নিরাপদ স্থানে রাখুন।

আমাদের কমিউনিটিগুলিকে সুরক্ষিত রাখা

নিরাপদ থাকার সর্বোত্তম উপায় হ'ল ভাইরাসের ছড়িয়ে পড়া বন্ধ করতে সাহায্য করার জন্য আমরা এখন পর্যন্ত যা যা করেছি সেই সমস্ত কাজ চালিয়ে যাওয়া - সাবান এবং জলের সাহায্যে নিয়মিত আমাদের হাত ধোওয়া, অন্যদের থেকে নিরাপদ দূরত্ব বজায় রাখা এবং ভিড় এড়ানো, কাশি এবং হাঁচি ধরার জন্য টিস্যু / কনুই ব্যবহার করা এবং যেখানে উপযুক্ত সেখানে মুখ ঢাকা ব্যবহার করা।

যাদের লক্ষণগুলি রয়েছে তারা সকলেই পরীক্ষাটি করতে পারেন

Norfolk -এ ভাইরাসটি কোথায় রয়েছে তা আমরা যদি জানতে পারি শুধুমাত্র তবেই আমরা নিরাপদে লকডাউন থেকে বেরিয়ে আসতে পারি।

যদি আপনার বা আপনার পরিবারের কোনও সদস্যের নিম্নলিখিত কোনও লক্ষণগুলি থেকে থাকে - উচ্চ তাপমাত্রা, ত্রুমাগত কাশি, গন্ধ / স্বাদের অনুভূতি হ্রাস - এটি গুরুত্বপূর্ণ যে আপনি বাড়ীতে বিচ্ছিন্ন হয়ে পড়ুন এবং এখনই একটি পরীক্ষা করান।

পরীক্ষা বুক করতে 119 কল করুন অথবা দেখুন www.nhs.uk/coronavirus

আমাদের নিজেদেরকে রক্ষা করুন। অন্যদের রক্ষা করুন। NORFOLK কে রক্ষা করুন।

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

আপনার যদি বিচ্ছিন্ন হওয়ার প্রয়োজন হয় তবে কি করবেন সেই সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আপনার লিফলেটটি দেখুন। আপনার যদি বিচ্ছিন্ন হয়ে থাকার সময় বাড়ীর বাইরে যাওয়ার জন্য সহায়তা প্রয়োজন হয় তবে অনুগ্রহ করে 0344 800 8020 তে কল করুন।

আমরা আশা করি যে এই চিঠিটি এটি পরিষ্কার করে দিয়েছে যে আমরা কীভাবে ভাইরাসের বিস্তার আটকাতে সহায়তা করতে পারি। আমরা আপনাকে আশ্বাস দিতে পারি যে Norfolk প্রকোপ নিয়ন্ত্রণ দল (Norfolk Outbreak Control Team) আপনাকে সুরক্ষিত রাখতে অন্যান্য সংস্থার সাথে কঠোর পরিশ্রম করছে। তারা পরিস্থিতিটি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবে যাতে যেখানে কেস রয়েছে সেখানে আমরা করোনাভাইরাস ছড়িয়ে পড়া আটকানো প্রতিরোধ করতে পারি।

এখনও পর্যন্ত আমরা একটি কাউন্টি হিসাবে ভালোভাবেই মোকাবেলা করেছি, সুতরাং আসুন আমরা আমাদের কমিউনিটিগুলি, পরিবার এবং বন্ধুবান্ধবদের সুরক্ষিত এবং নিরাপদ রাখতে একসাথে কঠোর পরিশ্রম করি।

Norfolk কে নিরাপদে রাখতে সহায়তা করার জন্য আপনাকে আবারও ধন্যবাদ।



Dr S.J. Louise Smith, MB, ChB, PhD, FFPH
Director of Public Health
Norfolk County Council



Cllr Andrew Proctor
Leader of Norfolk County Council
Chair of the Norfolk Covid-19
Engagement Board



আপনার যদি এই নথিটি বড় মুদ্রণ, অডিও, ব্রেইল, বিকল্প ফর্ম্যাটে বা অন্য কোনও ভাষায় প্রয়োজন হয় তবে অনুগ্রহ করে গ্রাহক পরিষেবাতে (Customer Services) 0344 800 8020 নম্বরে যোগাযোগ করুন অথবা টেক্সট রিলের (Text Relay) জন্য, 18001 0344 800 8020 (টেক্সট ফোন) -এ কল করুন এবং আমরা আপনাকে সাহায্য করার জন্য আমরা আমাদের সর্বোত্তম প্রচেষ্টাটি করবো।

আমাদের নিজেদেরকে রক্ষা করুন। অন্যদের রক্ষা করুন। NORFOLK কে রক্ষা করুন।